

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ২৬, ২০১৭

[একই স্মারক নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত হবে]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রতিরক্ষা মন্ত্রণালয়

যৌথ বাহিনী নির্দেশাবলি

ঢাকা: ১৬ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ/৩১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর ২/২০১৭—জাতীয় বেতনস্কেল, ২০১৫ সশস্ত্র বাহিনীর কমিশন্ড অফিসার, এএফএনএস অফিসার, ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট, অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, এনসি(ই), এমওডিসি এবং তাঁহাদের সমতুল্যদের অবসরজনিত সুবিধাবলী।

যৌথ বাহিনী নির্দেশাবলি নম্বর ১/২০১৬ অধ্যায়-৩ এর অনুচ্ছেদ-১০র, অধ্যায়-৪ অনুচ্ছেদ-১১ছ, অধ্যায়-৬ এর প্রথম অংশ অনুচ্ছেদ-১৩, তৃতীয় অংশ অনুচ্ছেদ-২০ নিম্নরূপভাবে সংশোধন করিলেন:

অধ্যায়-৩ এর অনুচ্ছেদ-১০র

১০র। অন্ত্যেষ্টিক্রিয়া ব্যয় ভাতা (সকল বাহিনী): ক্যাডেট, মিডশীপম্যান, ফ্লাইট ক্যাডেট, এএফএনএস ক্যাডেট এবং আইএসএসবি প্রতিযোগীসহ সামরিক বাহিনীর কমিশন্ড অফিসার এবং এএফএনএস অফিসারগণ চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে যৌথ বাহিনী নির্দেশাবলি-০১/২০১৬ মোতাবেক ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা হারে প্রযোজ্যতা অনুসারে অন্ত্যেষ্টিক্রিয়া ব্যয় ভাতা হিসাবে প্রাপ্য হইবেন।

(১০১৮৩)

মূল্য : টাকা ৪.০০

অধ্যায়-৪ এর অনুচ্ছেদ-১১ছ

১১ছ। **অন্ত্যেষ্টিক্রিয়া ব্যয় ভাতা (সকল বাহিনী):** রিজুটসহ সশস্ত্র বাহিনীর অনারারি কমিশন্ড অফিসার, জেসিও, জুনিয়র কমিশন্ড পদবির নিম্নের ব্যক্তিবর্গ, এনসি(ই) এবং এমওডিসি ও সমতুল্য ব্যক্তিবর্গ চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করিলে যৌথ বাহিনী নির্দেশাবলি-০১/২০১৬ মোতাবেক ৩০,০০০.০০ (ত্রিশ হাজার) টাকা হারে প্রযোজ্যতা অনুসারে অন্ত্যেষ্টিক্রিয়া ব্যয় ভাতা হিসাবে প্রাপ্য হইবেন।

অধ্যায়-৬ এর প্রথম অংশ অনুচ্ছেদ-১৩

১৩। **ক্ষতিপূরণ অনুদান (Compensatory Grant):** কোন কমিশন্ড অফিসার কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণ করিলে অথবা স্থায়ীভাবে অক্ষম হওয়ার ক্ষেত্রে যথাক্রমে ০৮ লক্ষ এবং ০৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রাপ্য হইবেন।

অধ্যায়-৬ এর তৃতীয় অংশ অনুচ্ছেদ-২০

২০। **ক্ষতিপূরণ অনুদান (Compensatory Grant):** সশস্ত্র বাহিনীর কোন জেসিও/অন্যান্য পদবি কর্তব্যরত অবস্থায় মৃত্যুবরণ করিলে অথবা স্থায়ীভাবে অক্ষম হওয়ার ক্ষেত্রে যথাক্রমে ০৮ লক্ষ এবং ০৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ হিসাবে প্রাপ্য হইবেন।

২। এই সংশোধনী আদেশ জারির তারিখ হইতে কার্যকর হইবে।

৩। এই সংশোধনী আদেশ জারিতে অর্থ বিভাগের সম্মতি রহিয়াছে (প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নথি নম্বর ২৩.০০.০০০০.১৯০.৯৯.০৮৫.০৫ এবং অর্থ বিভাগের পত্র নম্বর ০৭.০০.০০০০.১৭৪.৩৩.০৫৩. ১৪-৪২; তারিখ: ০২ জুলাই ২০১৭)।

মোঃ গোলাম কিবরিয়া
অতিরিক্ত সচিব।